

মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ১৫৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ২০৬]

৪. কিতাবুল অযু (كتاب الوضوء)

পরিচ্ছেদঃ পবিত্র অবস্থায় মোজা পরিধান করা হলে

باب إِذَا أُدْخِلَ رِجْلَيْهِ وَهُمَا طَاهِرَتَانِ

আরবী

عَنْ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ قَالَ: كُنْتُ مَعَ النَّبِيِّ فِي سَفَرٍ، فَأَهْوَيْتُ لِأَنْزِعَ خُفَّيْهِ، فَقَالَ دَعُهُمَا فَإِنِّي أَدْخَلْتُهُمَا طَاهِرَتَيْنِ، فَمَسَحَ عَلَيْهِمَا. (بخارى: ১৫৫)

বাংলা

১৫৫) মুগীরা ইবনে শু'বা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সাথে কোন এক সফরে ছিলাম। তিনি অযু করলেন। পা ধোয়ার পূর্বে আমি তাঁর মোজাদ্বয় খোলার ইচ্ছা করলাম। তিনি বললেনঃ মোজা খোলার দরকার নেই। কেননা পবিত্র অবস্থায় আমি উহা পরিধান করেছি। অতঃপর তিনি স্বীয় মোজার উপর মাসেহ করলেন।

টিকাঃ মোজা বলতে যত প্রকার ও পর্যায়ে মোজা হতে পারে তার সবগুলোর উপর মাসেহ করা বৈধ। চাই তা চামড়ার হউক বা সুতার হউক অথবা ছেড়া মোজা হউক, মাসেহ করা চলবে। তবে শর্ত হল পূর্ণ পবিত্রতা সহকারে তা পরবে এবং প্রথম বারের মাসেহ থেকে নিয়ে ২৪ ঘন্টা আবাসে ও ৭২ ঘন্টা প্রবাসে তার উপর মাসেহ চলবে। এটি আহলে সুন্নাত ওয়াল জামাআতের বিশেষ একটি নিদর্শন। সহীহ হাদীছ দ্বারা এই আমলটি প্রমাণিত। শিয়া ও খারেজীরা এর যোর বিরোধী।

English

If one puts on (Khuff) just after performing ablution (ther is no need to wash one's feet again in ablution) (24 hours for non-travellers and three days for travelers)

Narrated `Urwa bin Al-Mughira:

My father said, "Once I was in the company of the Prophet (ﷺ) on a journey and I dashed to take off his Khuffs (socks made from thick fabric or leather). He ordered me to leave them as he had put them after performing ablution. So he passed wet hands over them.

ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ২০৬

ইসলামিক সেন্টারঃ ২০০

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88851>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন